**বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি'র আগষ্ট/২১ মাসের সভার কার্যবিবরণী:-**

সভাপতি : জনাব সাগরিকা চাকমা,
উপজেলা মহিলা ভাইস, চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সভার স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়াম্যান এর অফিস কক্ষ ।

তারিখ ও সময় : ২২ আগষ্ট, ২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর অদ্যকার আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করতে তিনি কমিটির সদস্য সচিব উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে আহবান জানান।

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, ভৌগলিকগত কারণে বাঘাইছড়ি সীমান্তবর্তী দূর্গম উপজেলা হওয়ায় এখানকার রাস্তা- ঘাট এখনো অনুন্নত। তাছাড়া এখানে কোন মিল ইন্ডাস্ট্রি গড়ে ওঠেনি। এখোনে বাজারের সংখ্যা অনেক কম। সাম্প্রতিক সময়ে বৈশ্বিক করোনার নীতিবাচক প্রভাব আমাদেরকেও ছুঁয়েছে। ফলে এখানেও নিত্য প্রয়োজনীয় দ্রব্য মূল্য কিছুটা উর্ধ্বগতি। এ সুযোগে অসাধু ব্যবসায়ীদের বেশী মুনাফা লাভের আশায় বাজারে যাতে নিত্য প্রয়োজনীয় জিনিসের কৃত্রিম সংকট সৃষ্টি না হয় তার জন্য কমিটির কার্যক্রম জোরদার করা প্রয়োজন।

সভার এক পর্যায়ে কমিটির অন্যতম সদস্য উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি ও প্রাণী সম্পদ কর্মকর্তার প্রতিনিধি দ্রব্য মূল্য নিয়ন্ত্রনে নিয়মিত বাজার মনিটরিং এর উপর গুরুত্ব দেন। এছাড়া ব্যবসায়ী সমিতি নেতৃবৃন্দের সাথে দ্রব্য মূল্য নিয়ন্ত্রনের ব্যাপারে মত বিনিময় করা যায়। একই অভিমত ব্যক্ত করেন কমিটির অন্যান্য সদস্যগণ।

কমিটির সভাপতি উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান সদস্যগণের ব্যক্তব্য ও পরামর্শ মনোযোগ দিয়ে শুনেন। তিনি বলেন কোন অবস্থাতেই যেন বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের কৃত্রিম সংকট সৃষ্টি না হয় এবং ব্যবসায়ীরা অযৌক্তিকভাবে দ্রব্য মূল্য বৃদ্ধি করার কারণে সাধারণ মানুষ যাতে ক্ষতিগ্রস্থ না হয় এজন্য নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। অত:পর দীর্ঘক্ষণ আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্তবলী :-** ১। কমিটির সদস্যগণ নিয়মিত বাজার মনিটরিং করা।
২। কিছু দিন পর পর ব্যবসায়ী সমিতির নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা করা।
৩। প্রতিটি দোকানে দৃশ্যমান জায়গায় পণ্যের মূল্য তালিকা টাঙিয়ে রাখা।

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্তি ঘোষনা করেন।

(সাগরিকা চাকমা)
মহিলা ভাইস চেয়াম্যান
ও সভাপতি
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি।
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নং- ১৩.০১.৮৪৪৭.০০২.১৬.০১৩.২১- ৪০৩ তারিখ- ২২/৮/২০২১ খ্রি.।

**অনুলিপিঃ- সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে)।**

১. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩. জেলা খাদ্য নিয়ন্ত্রক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. উপজেলা কৃষি কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮. উপজেলা মৎস্য কর্মকর্তা, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯. চেয়ারম্যান, সাজেক/ বঙ্গালতলী/ রূপকারী/ খেদারমারা/ সারোয়াতলী/ আমতলী/ মারিশ্যা/ বাঘাইছড়ি ইউনিয়ন, বাঘাইছড়ি, রাঙ্গামাটি।
১০. সভাপতি/ সাধারণ সম্পাদক...................... ............ বাজার ব্যবসায়ী সমিতি, বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১. অফিস কপি।

২২/৮/২০২১

(রিটন দেওয়ান)
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও সদস্য সচিব
বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটি।
বাঘাইছড়ি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

পরিশিষ্ট- ক

বাজার মূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রন সংক্রান্ত আগস্ট-২০২১ মাসের উপজেলা স্ট্যান্ডিং কমিটির উপস্থিতি :

তারিখ : ২২/০৮/২০২১ খ্রিস্টাব্দ

স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষ

| ক্রম | নাম | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ১ | [illegible] চাকমা মহিলা ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | তুষার কান্তি চাকমা চেয়ারম্যান ৩০ নং সারোয়াতলী | সদস্য | 22/08/2021 |
| ৩ | নেলশন চাকমা চেয়ারম্যান ৩৬ নং সাজেক ইউপি | সদস্য | 22/08/2021 |
| ৪ | আহসানুল হোসেন উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য | 22.08.2021 |
| ৫ | নব আলো চাকমা উপজেলা মৎস্য কর্মকর্তা বাঘাইছড়ি, রাঙ্গামাটি | সদস্য | 22/08/2021 |
| ৬ | রনজয় [illegible] চাকমা উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাঘাইছড়ি, রাঙ্গামাটি | সদস্য সচিব | 22/08/2021 |
| ৭ | এনামুল হোসেন [illegible] উপ-সহকারী প্রাণিসম্পদ কর্মকর্তার প্রতিনিধি | সদস্য | 22.08.2021 |